

## নবজাগরণ ও তার সংজ্ঞা

রেনেসাঁস (Renaissance) কথাটির অর্থ হল নবজাগরণ বা নবজীবন লাভ। মধ্যযুগের কুসংস্কার ও ধর্মীয় গোঁড়ামির আঁধারে হারিয়ে গিয়েছিল প্রাচীন গ্রীক ও রোমান সভ্যতার গৌরবোজ্জ্বল ইতিহাস। গ্রীক দর্শন, সাহিত্য বিজ্ঞানের চর্চা বন্ধ হয়ে গিয়েছিল। এই অজ্ঞানতা দূর করার চেষ্টা শুরু হয়েছিল দ্বাদশ শতাব্দী থেকে। প্রাচীন দর্শনের আলোয় নবীন জগতের পথকে খুঁজে বার করার জন্য ইউরোপের বিভিন্ন স্থানে নতুন করে জ্ঞান চর্চা শুরু হয়, বিভিন্ন বিশ্ববিদ্যালয় গড়ে ওঠে। ফিরে আসে এ্যারিস্টটল ও নানা পণ্ডিতদের মতামত ও গ্রন্থমালা। এই পরিবর্তনের জন্য প্রচেষ্টাকে দ্বাদশ শতাব্দীর নবজাগরণ আখ্যা দিয়েছিলেন কেউ কেউ। ত্রয়োদশ ও চতুর্দশ শতাব্দীতে ইউরোপে এই চিন্তাধারা আরও গভীর ও ব্যাপক হতে থাকে। ইতিমধ্যে ১৪৫৩ সালে অটোম্যান তুর্কীদের দ্বারা পূর্ব রোমান সাম্রাজ্যের রাজধানী কন্সটান্টিনোপলের পতন ঘটে। এর ফলে সেখানকার গ্রীক ও রোমান পণ্ডিতেরা তাদের প্রাচীন গ্রন্থগুলো সঙ্গে নিয়ে ইউরোপে চলে আসেন। তাঁদের অনেকে ইউরোপের বিভিন্ন শহরে আশ্রয় নেন। এইসব পণ্ডিতদের সংস্পর্শে ইউরোপের মানুষ আবার প্রাচীন গ্রীক ও রোমানযুগের ক্রমদী জ্ঞান সম্পদকে কাজে লাগাতে পেরেছিল। ইতিমধ্যে নতুন যুগের জ্ঞান ও পুরনো যুগের জ্ঞান মিলিয়ে শিক্ষা ও বিজ্ঞানচর্চা শুরু হয়ে গিয়েছিল। মানুষের জানার আগ্রহ বেড়েছিল এবং যুক্তিবাদ ও মানবতাবাদ ক্রমশঃ বিস্তার লাভ করতে শুরু করেছিল এগুলি ছিল রেনেসাঁসের প্রাণশক্তি।

রেনেসাঁসের ফলে যে বুদ্ধিবৃত্তির বিকাশ হতে শুরু করেছিল চার্চ তা মানতে পারে নি। চার্চ বাধা দিতে শুরু করেছিল, ভয় দেখিয়েছিল, কিন্তু দমিয়ে রাখতে পারে নি রেনেসাঁর আলোয় জন্ম নেওয়া উন্নত বুদ্ধিজীবীদের। অনুসন্ধিৎসা বিশেষ গুরুত্ব লাভ করেছিল। দক্ষিণ ইউরোপের ইতালিতে এই চিন্তাধারার প্রথম সূত্রপাত হলেও অল্পদিনের মধ্যে সমগ্র ইউরোপ এই বুদ্ধিবিভাষাকে আশ্রয় করে।

মধ্যযুগ শেষ হয়ে আধুনিক যুগের সূত্রপাত ঘটে চতুর্দশ-পঞ্চদশ শতকে। সেসময় ইউরোপে ক্লাসিসিজম এবং হিউম্যানিজম অসম্ভব প্রভাবশালী হয়ে উঠেছিল। ইউরোপের বুদ্ধিজীবী মানুষ প্রাচীন সাহিত্যকে আশ্রয় করেছিল। ১৪৫০ সালে জার্মানীর Mainz শহরে ফন গুটেনবার্গ ছাপাখানা আবিষ্কার করার পরে পঞ্চদশ শতকে সারা ইউরোপে ছড়িয়ে গিয়েছিল বই। এই বই ছাপা শুরু হবার পর থেকে প্রাচীন পুস্তকরাজিও ছাপা শুরু হয় এবং মানুষ প্রাচীন জগতের দিকে দৃষ্টি ফেরায়। প্রাচীনত্বের ভেতর আদর্শ খোঁজবার এবং নতুনের সঙ্গে তার সমন্বয় ঘটানোর এই দৃষ্টিভঙ্গিকেই বলা হয়েছে classical revival বা Renaissance যদিও এই সংজ্ঞায় অনেকে আপত্তি জানিয়েছেন যেমন Carlton S. Hayes, তিনি মন্তব্য করেছেন সবটাই প্রাচীনযুগের অনুধ্যান ছিল না। প্রাচীনত্বের অনুসন্ধানকে Carlton গুরুত্ব দিতে চান নি।

নবজাগরণের প্রথম অর্থ ছিল যুক্তিবাদ ও মানবতাবাদের চর্চা। দ্বিতীয়তঃ এটি মানুষের চিন্তার স্বাধীনতা এনে দিয়েছিল। যুগে যুগে নবজাগরণের নানা সংজ্ঞা দেওয়া হয়েছে। ডেভিস (Davis) বলেছেন নবজাগরণ শব্দটির প্রকৃত অর্থ হল সংস্কারের কারারুদ্ধ মানুষের পুনর্জন্ম (The word Renaissance signifies the rebirth of the freedom loving adventurous thought of men which during the middle ages had been fettered & imprisoned) সাধারণভাবে রেনেসাঁস কি সে সম্পর্কে বলতে গেলে এককথায় বলা যায় যে, মধ্যযুগের কুসংস্কার ও অন্ধতার বিরোধিতা করে যুক্তিবাদ ও মানবতাবাদকে আশ্রয় করে গ্রীক ও ল্যাটিন ধ্রুপদী সাহিত্য ও জ্ঞানের ভিতর থেকে যে দর্শন উপস্থিত হয়ে মানুষের ভেতর বুদ্ধিবিভাষা আনে এবং ধ্রুপদী জ্ঞানের পুনরুত্থান সম্ভব করে তাই হল রেনেসাঁস বা নবজাগরণ। এই রেনেসাঁস বা নবজাগরণ নানা স্তর ভেঙে বিকশিত হয়েছিল।

এরই ভেতর থেকে বিকশিত হয়েছিল আধুনিক ইউরোপ। এই যুগে মানবতাবাদ বা প্রয়োগবাদ বিকশিত হয় এবং অনুসন্ধিৎসু মননের উদ্ভব হয়। বুদ্ধিজীবীদের অন্তরে ধ্বনিত হয় কি এবং কেন? এই প্রশ্ন। চার্চের দেওয়া ব্যাখ্যায় তাঁরা আর সন্তুষ্ট ছিলেন না। সমালোচনামূলক এবং প্রশস্ততর দৃষ্টিভঙ্গীর উদ্ভবের ফলে শিক্ষা, সংস্কৃতি, ধর্ম এবং ধর্মীয় প্রতিষ্ঠানের দাসত্ব থেকে মানুষের মুক্তির ইচ্ছা প্রবলতর হয়ে ওঠে। এটি ছিল নবজাগরণের নবীন ঐতিহ্য।





১৯৯১

আমরা মানসিকতার ক্ষেত্রে হারিয়েছিলাম তাহলে মানুষের কৃপার পরিচয় আমরা হারিয়েছিলাম  
বিভিন্ন দেশে হারিয়েছিলাম। জেলে যান্ডা নামে একটি দেশ নতুন দেশ আবিষ্কারের  
এখন মানুষের কৃপার কৃপার বিষয় ঘটিয়েছিল।

মুক্তি যুদ্ধের প্রত্যয়

ইংল্যান্ডে ছেল্ল হার <sup>যখন</sup> বিনোয়নের আবিষ্কার এই মনোমুগ্ধ করেছিল মুক্তিযুদ্ধ।  
ইংল্যান্ডের অধঃস্বতীর মানুষ পুরাতন দিনে ইংল্যান্ডে অতি অমানুষিক ছিলেন।  
কিন্তু মনোমুগ্ধ মুক্তিযুদ্ধে অস্বাভাবিক বিচার হার মনোমুগ্ধ মন জেতার অস্বাভাবিক  
ছিল। এই অস্বাভাবিক মুক্তিযুদ্ধ নামে খ্যাত ছিলেন। মুক্তিযুদ্ধ-অস্বাভাবিক  
এই মুক্তিযুদ্ধ অস্বাভাবিক এই মুক্তিযুদ্ধে মনোমুগ্ধ অস্বাভাবিক প্রকারে পেলেন। ইংল্যান্ডে  
এই মুক্তিযুদ্ধ অস্বাভাবিক ইংল্যান্ডে হারিয়ে পড়েছিল।